



ডিজিটাল সংসদের পথে বাংলাদেশ, চালু হচ্ছে ই-পার্লামেন্ট



ছবি: সংগৃহীত

জাতীয় সংসদের কার্যক্রমকে প্রযুক্তিনির্ভর করতে ই-পার্লামেন্ট সিস্টেম চালুর উদ্যোগ নেওয়া হয়েছে। এই ব্যবস্থার মাধ্যমে ধীরে ধীরে কাগজনির্ভরতা কমিয়ে সংসদের নথি, তথ্য ও বিভিন্ন কার্যক্রম ডিজিটাল প্ল্যাটফর্মে পরিচালনার পরিকল্পনা করা হচ্ছে।

রোববার (৬ সেপ্টেম্বর) স্পিকার হাফিজ উদ্দিন আহমদের সঙ্গে ত্রয়োদশ জাতীয় সংসদের লাইব্রেরি কমিটির সভাপতি ও ডেপুটি স্পিকার ব্যারিস্টার কায়সার কামাল এমপি এবং কমিটির সদস্যদের বৈঠকে এ উদ্যোগের বিষয়ে সিদ্ধান্ত হয়।

প্রস্তাবিত ই-পার্লামেন্ট প্ল্যাটফর্মে সংসদীয় নথি সংরক্ষণ, তথ্য আদান-প্রদান এবং বিভিন্ন প্রশাসনিক কার্যক্রম ডিজিটাল পদ্ধতিতে পরিচালিত হবে। এতে বাংলা ও ইংরেজি, দুটি ভাষার সংস্করণ রাখার পরিকল্পনা রয়েছে।

এ উদ্যোগ বাস্তবায়নের জন্য ডেপুটি স্পিকার ব্যারিস্টার কায়সার কামালকে চেয়ারম্যান করে একটি কমিটি গঠনের নির্দেশ দিয়েছেন স্পিকার। কমিটি সিস্টেমের কাঠামো, প্রযুক্তিগত অবকাঠামো ও বাস্তবায়ন পদ্ধতি নিয়ে কাজ করবে।

চলতি সেপ্টেম্বরের শেষ দিকে ই-পার্লামেন্ট সিস্টেমের কার্যপদ্ধতি ও বাস্তবায়ন পরিকল্পনা নিয়ে একটি প্রজেক্টেশন উপস্থাপনের নির্দেশও দেওয়া হয়েছে।

সংশ্লিষ্টদের মতে, ই-পার্লামেন্ট চালু হলে সংসদের কাজ আরও দ্রুত ও সুশৃঙ্খল হবে। কাগজের ব্যবহার কমার পাশাপাশি সময় ও প্রশাসনিক ব্যয়ও সাশ্রয় হবে।

প্রয়োজনীয় কারিগরি ও আর্থিক সহযোগিতার জন্য ইউএনডিপি সহ বিভিন্ন দাতা সংস্থা ও উন্নয়ন সহযোগীদের সঙ্গে যোগাযোগের সিদ্ধান্ত নেওয়া হয়েছে।